



গঙ্গা বিশ্ববিদ্যালয়  
পরীক্ষা নিয়ন্ত্রকের কার্যালয়

তারিখ: ২৫ জুলাই ২০২৩ইং

### সাপ্লিমেন্টারি ও ফলোন্সয়ন পরীক্ষার বিজ্ঞপ্তি (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০৭/০৮/২০২৩ইং তারিখ থেকে নিম্নোক্ত নিয়ম ও নীতিমালা অনুযায়ী সাপ্লিমেন্টারি ও ফলোন্সয়ন পরীক্ষা (আগস্ট ২০২৩) অনুষ্ঠিত হবে:

০১. জুলাই ২০২২, অক্টোবর ২০২২, জানুয়ারি ২০২৩ ও এপ্রিল ২০২৩ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে শিক্ষার্থীরা যেসব কোর্সে অকৃতকার্য হয়েছে সেসব কোর্সে সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
০২. বিভাগীয় প্রধানদের সভার (১৭/০৭/২০২৩ইং তারিখ) সিদ্ধান্ত অনুযায়ী, যাদের এখনো বিভিন্ন সেমিস্টারে যেসব কোর্স অসম্পূর্ণ (Incomplete) রয়েছে তাদেরকে অবশ্যই চলতি আগস্ট ২০২৩ সাপ্লিমেন্টারি পরীক্ষায় অংশগ্রহণ করে সেসব কোর্স সম্পূর্ণ (Complete) করে নিতে হবে। এরপরে আর কোন সুযোগ দেয়া হবে না।
০৩. জানুয়ারি ২০২৩ ও এপ্রিল ২০২৩ সেমিস্টার ফাইনাল পরীক্ষায় B গ্রেড বা তার নিচের গ্রেডপ্রাপ্ত কোর্সসমূহে ফলোন্সয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
০৪. যেসকল শিক্ষার্থী সাপ্লিমেন্টারি ও ফলোন্সয়ন পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী তাদেরকে আগামী ২৬/০৭/২০২৩ তারিখের মধ্যে নিজ নিজ বিভাগে যোগাযোগ করে নাম ও পরীক্ষার কোর্সসমূহ লিখিতভাবে জমা দিতে হবে।
০৫. সংশ্লিষ্ট বিভাগ পরীক্ষার্থীদের তালিকা ও খসড়া রুটিন পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে ৩০/০৭/২০২৩ তারিখের মধ্যে জমা দিবেন। এছাড়া পরীক্ষার্থীদের তালিকার একটি কপি একই দিনে হিসাব শাখায় জমা দিবেন।
০৬. আগ্রহী পরীক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের হিসাব শাখা থেকে সকল পাওনা পরিশোধের ক্লিয়ারেন্স গ্রহণপূর্বক সাপ্লিমেন্টারি পরীক্ষার প্রতি কোর্সের জন্য ২,০০০ (দুই হাজার) টাকা এবং ফলোন্সয়ন পরীক্ষার প্রতি কোর্সের জন্য ৩,০০০ (তিন হাজার) টাকা জমার রশিদ জমা সাপেক্ষে ২৭/০৭/২০২৩ তারিখ থেকে ৩১/০৭/২০২৩ তারিখ পর্যন্ত পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস থেকে পরীক্ষার ফরম গ্রহণ করতে পারবে এবং জানুয়ারি ২০২৩ সেশনের পরীক্ষার্থীরা অনলাইনে ফরম পূরণ করতে পারবে। উক্ত তারিখের মধ্যেই পূরণকৃত ফরম সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।
০৭. পূরণকৃত ফরম বিভাগীয় প্রধান ও ডিনের স্বাক্ষরসহ সংশ্লিষ্ট বিভাগ ০১/০৮/২০২৩ তারিখে পরীক্ষা দপ্তরে জমা দিবেন।
০৮. পরীক্ষা নিয়ন্ত্রক অফিস থেকে পরীক্ষার্থীদের প্রবেশপত্র বিতরণ করা হবে ০৩/০৮/২০২৩ তারিখে।
০৯. সাপ্লিমেন্টারি/ফলোন্সয়ন পরীক্ষার চূড়ান্ত সময়সূচী যথাসময়ে নোটিশ বোর্ডে জানিয়ে দেয়া হবে।
১০. ০২/০৮/২০২৩ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কোর্স শিক্ষকগণ প্রশ্নপত্র তৈরি করে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট জমা দিবেন।
১১. পরীক্ষা শেষে উত্তরপত্র মূল্যায়ন করে নম্বরপত্র এক সপ্তাহের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা দেয়ার জন্য বিভাগীয় প্রধানসহ সংশ্লিষ্ট কোর্স শিক্ষকের সার্বিক সহযোগিতা একান্তভাবে কামনা করা হচ্ছে এবং জানুয়ারি ২০২৩ সেমিস্টারের শিক্ষার্থীদের সাপ্লিমেন্টারি/ফলোন্সয়ন কোর্সের নম্বর Online এ Submit করে লক করতে হবে।

(মোঃ আবু হারেস)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

গঙ্গা বিশ্ববিদ্যালয়

অনুলিপি:

১. উপাচার্য, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
২. ট্রেজারার, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৩. ডীন, সকল অনুষদ, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৪. রেজিস্ট্রার, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৫. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৬. পরিচালক (অর্থ ও হিসাব), গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৭. সিনিয়র সহকারী রেজিস্ট্রার, গঙ্গা বিশ্ববিদ্যালয়।
৮. আইটি অফিসার, গঙ্গা বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)
৯. অফিস কপি